অপরাধ কমাতে পুলিশের কাছে ম্যাজিক নেই: আইজিপি

written by Chandradip News24 | December 28, 2024

পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) বাহারুল আলম বলেছেন, অপরাধ কমানোর ক্ষেত্রে পুলিশের কাছে কোনো ম্যাজিক নেই। তবে সারা দেশের পুলিশ বাহিনী অপরাধ দমন ও প্রতিরোধে নিরলস কাজ করে যাচ্ছে।

শনিবার (২৮ ডিসেম্বর) রাজধানীর রাজারবাগ পুলিশ লাইন্সে আয়োজিত ‘বাংলাদেশ অবসরপ্রাপ্ত পুলিশ অফিসার্স কল্যাণ সমিতি (বিআরপিওয়া)’ অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।

আইজিপি বলেন, “ঢাকাসহ সারা দেশে চুরি, ছিনতাই ও হত্যাকাণ্ড বেড়েছে। এসব অপরাধ কমাতে আমরা নানা ধরনের পদক্ষেপ নিচ্ছি। সারা দেশের পুলিশ সুপারদের নির্দেশনা দেওয়া হয়েছে। তবে আমাদের কাছে সেই ধরনের কোনো ম্যাজিক নেই। জনগণের সহযোগিতা ছাড়া এসব অপরাধ দমন কঠিন।”

তিনি আরও বলেন, “আমরা চাই জনগণের আরও কাছাকাছি যেতে। এজন্য জনগণ এবং বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের প্রতিনিধিদের সহযোগিতা

চাইছি। অপরাধ দমনে পুলিশ এককভাবে কাজ করতে পারে না। তবে আমরা প্রতিটি ঘটনার সুরাহার চেষ্টা চালিয়ে যাচ্ছি।”

সচিবালয়ে অগ্নিকাণ্ড প্রসঙ্গে তিনি বলেন, “এটি তদন্ত কমিটি দেখছে। বিষয়টি নিয়ে আমি মন্তব্য করতে পারবো না।”

ছাত্র সমন্বয়কদের হত্যার হুমকি প্রসঙ্গে তিনি বলেন, “প্রতিটি ঘটনা আমরা অ্যানালাইস করেছি এবং সমাধান করেছি। নারায়ণগঞ্জের একটি ঘটনা মোবাইল ছিনতাই, আর কালিয়াকৈরের ঘটনা ছিনতাইয়ের। এগুলো টার্গেট কিলিং নয়।”

আইজিপি বলেন, “পুলিশের মধ্যে আস্থা ও মনোবল ফিরিয়ে আনতে আমরা কাজ করছি। কিছু কর্মকর্তার চাকরি মাত্র ১০-১২ দিন বাকি থাকলেও তাদের পদোন্নতির ব্যবস্থা করা হচ্ছে।”

তিনি আরও বলেন, “বিদায়ের সময় যেন সম্মানের সঙ্গে যেতে পারি, সেই লক্ষ্যেই কাজ করে যাচ্ছি।”

মো: আল-আমিন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম